# কম্পিটেন্সি বেজড লার্নিং ম্যাটেরিয়ালস (সিবিএলএম)

## কম্পিটেন্সি বেজড ট্রেনিং অ্যান্ড অ্যাসেসমেন্ট (CBT&A) মেথডোলজি
## লেভেল - ০৪

## মডিউল শিরোনামঃ সিবিটিএন্ডএ পরিবেশে ইনক্লুসিভিটির অনুশীলন

Module Name: (Practice Inclusivity in CBT&A Environment)

**জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ**
**প্রধানমন্ত্রীর কার্যালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

# সূচিপত্র


| | |
|---|---|
| অনুমোদন শীট | **উৎৎড়ৎ! ইড়ড়শসধৎশ হড়ঃ ফবভরহবফ.** |
| সক্ষমতাভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা | ৫ |
| মডিউলের বিষয়বস্তু | ৬ |
| শিখনফল (Learning Outcome)-৪.১: ইনক্লুসিভিটি (Inclusivity) বর্ণনা করতে পারবে। | ৮ |
| প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities): | ৯ |
| ইনফরমেশন শীট (Information Sheet): ৪.১-১ | ১০ |
| সেলফ চেক (Self Check)-৪.১-১ | ১৩ |
| উত্তরপত্র (Answer Key)-৪.১-১ | ১৪ |
| প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities): | ১৬ |
| ইনফরমেশন শীট (Information Sheet): ৪.২-১ | ১৭ |
| সেলফ চেক (Self Check)- ৪.২-১ | ২২ |
| উত্তরপত্র (Answer key)- ৪.২-১ | ২৩ |
| শিখনফল (Learning Outcome)-৪.৩: বৈচিত্র (Diversity) প্রচার এবং সমন্বয় করতে পারবেন। | ২৪ |
| প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities): | ২৫ |
| ইনফরমেশন শীট (Information sheet): ৪.৩-১ | ২৬ |
| সেলফ চেক (Self Check) - ৪.৩-১ | ৩২ |
| উত্তরপত্র (Answer Key)- ৪.৩-১ | ৩৩ |
| শিখনফল (Learning Outcome)-৪.৪: অন্তর্ভুক্তিমূলক শিখন চর্চা প্রমোট করতে পারবেন। | ৩৪ |
| প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities): | ৩৫ |
| ইনফরমেশন শীট (Information sheet): ৪.৪-১ | ৩৬ |
| সেলফ চেক (Self Check) - ৪.৪-১ | ৪১ |
| উত্তরপত্র (Answer Key)- ৪.৪-১ | ৪২ |
| দক্ষতা পর্যালোচনা (Review of Competency) | ৪৩ |

**ভেলিডেশন ওয়ার্কশপে অংশগ্রহণকারী বিশেষজ্ঞগণের তালিকা**

| অংশগ্রহণকারী নাম | পদবী ও প্রতিষ্ঠানের নাম | মোবাইল নং ও ইমেইল |
|---|---|---|
| কনক লতা | পরিচালক, স্কিলস ডেভেলপমেন্ট প্রোগ্রাম, রিসডা বাংলাদেশ। | মোবাইল- +88 01709633854<br>ই-মেইলঃ kanok.sdp@risda.org.bd |
| বুরহান হামযা | সার্টিফাইড প্রশিক্ষক অ্যান্ড অ্যাসেসর | মোবাইল- +88 01619998855<br>ই-মেইলঃ burhan.hamza@yahoo.com |
| জনাব শরীফ নওয়াজ | এক্সিকিউটিভ কারিকুলাম ডেভেলপমেন্ট, আরএমজি এন্ড টেক্সটাইল স্কিলস কাউন্সিল, ঢাকা। | মোবাইল- +88 01733459745<br>ই-মেইলঃ nowaz.rtisc@gmail.com |
| শাহীন আফরোজ | সার্টিফাইড মাস্টার প্রশিক্ষক অ্যান্ড অ্যাসেসর- লেভেল ০৫ | মোবাইল- +88 01715025215<br>ই-মেইলঃ shaheenafroz57@gmail.com |
| ড. শান্তি রঞ্জন সরকার | চীফ ইন্সট্রাকটর, টাংগাইল, টেকনিক্যাল স্কুল ও কলেজ। | মোবাইল- +88 01717052797<br>ই-মেইলঃ s3ranjan@gmail.com |
| মাহবুব উল হুদা | স্পেশালিষ্ট (সিএস, সিবিসি এন্ড অ্যাসেসমেন্ট) জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ | মোবাইল- +88 01735490491<br>ই-মেইলঃ huda73@gmail.com |
| মোঃ আমির হোসেন | প্রসেস এক্সপার্ট, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ | মোবাইল- +88 01631670445<br>ই-মেইলঃ razib.consultant@yahoo.com |

এই মডিউলে প্রশিক্ষণ উপকরণ ও প্রশিক্ষণ কার্যক্রম সম্পর্কে বলা হয়েছে। এই কার্যক্রমগুলো আপনাকে সম্পন্ন করতে হবে। সিবিটিএন্ডএ মেথডলজির গুরুত্বপূর্ণ সেক্টর স্পেসিফিক ইউনিট হচ্ছে সিবিটিএন্ডএ পরিবেশে ইনক্লুসিভিটির অনুশীলন করা । এই মডিউলের মাধ্যমে প্রশিক্ষণার্থী ইনক্লুসিভিটি (ইনক্লুসিভিটি) বর্ণনা করতে পারবে, ইনক্লুসিভিটি সমর্থনে কর্ম কৌশল তৈরি  ও বাস্তবায়ন করতে পারবে,  বৈচিত্র (ডাইভার্সিটি) রেসপন্স এবং সমন্বয় করতে পারবে, এবং অন্তর্ভুক্তিমূলক শিখন চর্চার উন্নয়ন  করতে পারবে। । দক্ষ সিবিটি প্রশিক্ষকের জন্য যে প্রয়োজনীয় জ্ঞান ও পজিটিভ আচরন প্রয়োজন তা এই মডিউলে অন্তর্ভুক্ত রয়েছে।

এই মডিউলে বর্ণিত শিখনফল অর্জনের জন্য আপনাকে ধারাবাহিকভাবে শিক্ষা কার্যক্রম সম্পন্ন করতে হবে। এইসব কার্যক্রম একটি নির্দিষ্ট শ্রেণীকক্ষে বা অন্যত্র সম্পন্ন করা যেতে পারে। বর্ণিত শিখনফল তথা জ্ঞান ও দক্ষতা অর্জনের জন্য এসব কার্যক্রমের পাশাপাশি সংশিষ্ট অনুশীলন ও সম্পন্ন করতে হবে।

শিখন কার্যক্রমের ধারা জানার জন্য "**শিখন কার্যক্রম**" অংশটি অনুসরণ করুন। ধারাবাহিকভাবে জানার জন্য সূচিপত্রে, তথ্যপত্র, কার্যক্রম পত্র, শিখন কার্যক্রম, শিখনফল এবং উত্তরপত্রে পৃষ্ঠা নম্বর ব্যবহার করা হয়েছে। নির্দিষ্ট পাঠের সাথে সঠিক সহায়ক উপাদান সম্পর্কে জানার জন্যে শিখন কার্যক্রম অংশটি দেখতে হবে। এই শিখন কার্যক্রম অংশ আপনার সক্ষমতা অর্জন অনুশীলনের রোডম্যাপ হিসাবে কাজ করে।

তথ্যপত্রটি পড়ুন। এতে কার্যক্রম সম্পর্কে সঠিক ধারণা এবং সুনির্দিষ্টভাবে কাজ করার ধারণা পাওয়া যাবে। 'তথ্যপত্রটি' পড়া শেষ করে 'সেলফ চেক শীট' এ উল্লেখিত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। শিখন গাইডের তথ্যপত্রটি অনুসরণ করে 'সেলফ চেক শীট' সমাপ্ত করুন। 'সেলফ চেক' শীটে দেয়া প্রশ্নগুলোর উত্তর সঠিক হয়েছে কি না তা জানার জন্য 'উত্তর পত্র' দেখুন।

জব শীটে নির্দেশিত ধাপ অনুসরণ করে যাবতীয় কার্য সম্পাদন করুন। এখানেই নতুন সক্ষমতা অর্জনের পথে আপনার নতুন জ্ঞান কাজে লাগাতে পারবেন।

এই মডিউল অনুযায়ী কাজ করার সময় নিরাপত্তা বিষয়টি সম্পর্কে সচেতন থাকবেন। কোনো প্রশ্ন থাকলে ফ্যাসিলিটেটরকে প্রশ্ন করতে সংকোচ করবেন না।

এই শিখন গাইডে নির্দেশিত সকল কাজ শেষ করার পর অর্জিত সক্ষমতা মূল্যায়ন করে নিশ্চিত হবেন যে, পরবর্তী মূল্যায়নের জন্য কতটুকু উপযুক্ত। প্রয়োজনীয় সব সক্ষমতা অর্জন হয়েছে কিনা তা জানার জন্য মডিউলের শেষে সক্ষমতা মান এর একটি চেকলিস্ট দেওয়া হয়েছে। এই তথ্যটি কেবলমাত্র আপনার নিজের জন্য।

## মডিউলের বিষয়বস্তু

**মডিউল (৪): সিবিটিএন্ডএ (CBT&A) পরিবেশে ইনক্লুসিভিটির অনুশীলন।**

**মডিউলের বর্ণনা:** সিবিটিএন্ডএ (CBT&A) পরিবেশে ইনক্লুসিভিটির অনুশীলন করার জন্য প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা ও আচরণ (Knowledge, Skills and Attitude) সম্পর্কিত কাজগুলো এই মডিউল-এ অন্তর্ভুক্ত করা হয়েছে। এতে প্রশিক্ষণার্থী ইনক্লুসিভিটি (Inclusivity) বর্ণনা করা, ইনক্লুসিভিটি সমর্থনে কর্ম কৌশল প্রণয়ন ও বাস্তবায়ন করা, বৈচিত্র (Diversity) প্রচার এবং সমন্বয় করা, এবং অন্তর্ভুক্তিমূলক (Inclusive) শিখন চর্চার প্রসার করার জন্য প্রয়োজনীয় দক্ষতাসমূহ অন্তর্ভুক্ত করা হয়েছে।

**নমিনাল সময়: ৩২ ঘন্টা।**

**শিখনফল: এই মডিউলটি সম্পন্ন করার পর প্রশিক্ষণার্থীরা-**

৪.১ ইনক্লুসিভিটি (Inclusivity) বর্ণনা করতে পারবে
৪.২ ইনক্লুসিভিটি সমর্থনে কর্ম কৌশল প্রণয়ন ও বাস্তবায়ন করতে পারবে
৪.৩ বৈচিত্র (Diversity) প্রচার এবং সমন্বয় করতে পারবে
৪.৪ অন্তর্ভুক্তিমূলক (Inclusive) শিখন চর্চা প্রসার করতে পারবে

**অ্যাসেসমেন্ট ক্রাইটেরিয়া:**

১. ইনক্লুসিভিটি (Inclusivity) বর্ণনা করতে সক্ষম হয়েছে
২. ব্যক্তি স্বতন্ত্রতা এবং বিশেষ চাহিদা সম্পন্ন প্রশিক্ষণার্থীর চাহিদা নিরুপন এবং বিদ্যমান শিখন পদ্ধতির সাথে সমন্বয় করতে সক্ষম হয়েছে
৩. সকল কাজের অনুশীলনে ইনক্লুসিভিটি (Inclusivity) নীতিগুলো সম্পৃক্ত করতে সক্ষম হয়েছে
৪. সিবিটিঅ্যান্ডএ (CBT&A) পরিবেশে ইনক্লুসিভিটি (Inclusivity) অন্তর্ভূক্ত করার বিষয়টি ব্যাখ্যা করতে সক্ষম হয়েছে
৫. ইনক্লুসিভিটি (Inclusivity) এবং ইক্যুইটি (Equity) নীতিগুলো জানার বিষয়টি প্রশিক্ষণ ও এ্যাসেসমেন্ট প্রতিষ্ঠানে প্রয়োগ করতে সক্ষম হয়েছে
৬. অ্যাক্সেসিবিলিটি (Accessibility) ইক্যুইটি (Equity), ডিজাবিলিটি (Disability) এবং ইনক্লুসিভিটি (Inclusivity) সম্পর্কিত গাইডলাইন এবং সহায়ক উপকরণগুলো সনাক্ত এবং ব্যবহার করতে সক্ষম হয়েছে
৭. কাজ এবং শেখার প্রক্রিয়ায় প্রয়োজন ও সম্মতি অনুযায়ী সহায়ক ব্যক্তি এবং পরিষেবাগুলো চিহ্নিত এবং অন্তর্ভুক্ত করতে সক্ষম হয়েছে
৮. কাজের অনুশীলনের সময় প্রয়োজন অনুসারে কর্মক্ষেত্রের পরিবেশ সংক্রান্ত চাহিদাগুলো স্বীকৃত এবং অন্তর্ভুক্ত করতে সক্ষম হয়েছে
৯. অন্তর্ভূক্তির (Inclusivity) সাথে সম্পর্কিত ওএসএইচ সংক্রান্ত বিষয়গুলো চিহ্নিত করে প্রচলিত গাইডলাইন এবং পদ্ধতি অনুযায়ী অন্তর্ভুক্ত করতে সক্ষম হয়েছে
১০. কাজ ও শেখার পরিবেশ অনুযায়ী নিজের এবং অন্যদের ভবিষ্যত শিক্ষার লক্ষ্য অর্জনের উপায়সমূহ আলোচনা করতে সক্ষম হয়েছে
১১. সহকর্মী এবং প্রশিক্ষণার্থীদের সাথে অংশগ্রহণ ও আচরণের মূল নিয়মগুলো সহযোগিতা এবং ঐক্যমতের ভিত্তিতে প্রতিষ্ঠা করতে সক্ষম হয়েছে
১২. অংশগ্রহনমূলক এবং সম্মত প্রক্রিয়া অনুসারে নিজেকে প্রকাশ করতে এবং কাজ ও শিক্ষার পরিবেশে অবদান রাখতে প্রশিক্ষণার্থীদের উৎসাহিত করতে সক্ষম হয়েছে

১৩. সহযোগিতামূলক এবং স্বীকৃত প্রক্রিয়ায় শেখার এবং কাজের ক্ষেত্রে অংশগ্রহণের জন্য প্রশিক্ষণার্থীদের বিশেষ চাহিদাসমূহ নির্দেশ করার সুযোগ করে দিতে সক্ষম হয়েছে

১৪. সংস্কৃতির ভিন্নতা অনুযায়ী মৌখিক এবং শারিরীক ভাষার ক্ষেত্রে সংবেদনশীল হতে সক্ষম হয়েছে

১৫. প্রেক্ষাপট ও শারীরিক এবং বুদ্ধিবৃত্তিক ভিন্নতার প্রতি সংবেদনশীল থাকতে সক্ষম হয়েছে

১৬. শিখনের সুযোগ অনুযায়ী বিশেষ চাহিদা সম্পন্ন এবং সুবিধাবঞ্চিত ব্যাক্তিদের নতুন এবং চলমান শিখনকে উৎসাহিত করতে সহায়তা এবং পরামর্শ দিতে সক্ষম হয়েছে

১৭. কাজের ও শিক্ষার পরিবেশের সাথে সামঞ্জস্য রেখে বিশেষ চাহিদা সম্পন্ন এবং সুবিধাবঞ্চিত ব্যাক্তিদের শেখা এবং দক্ষতা অর্জনকে স্বীকৃতি দিতে ও পুরস্কৃত করতে সক্ষম হয়েছে

১৮. কাজের ও শিক্ষার পরিবেশের সাথে সামঞ্জস্য রেখে বিশেষ চাহিদা সম্পন্ন এবং সুবিধাবঞ্চিত ব্যাক্তিদের জেনেরিক (Generic) দক্ষতা অর্জনের সুযোগগুলো চিহ্নিত করতে সক্ষম হয়েছে

১৯. কাজ ও শেখার পরিবেশ অনুযায়ী নিজের এবং অন্যদের ভবিষ্যত শিক্ষার লক্ষ্য অর্জনের একাধিক উপায়সমূহ আলোচনা করতে সক্ষম হয়েছে

২০. প্রাতিষ্ঠানিক পদ্ধতি অনুসারে কাজের অনুশীলনগুলো পর্যবেক্ষণ করতে সক্ষম হয়েছে

২১. কর্মপ্রক্রিয়ার ধারাবাহিক উন্নতির সাথে সামঞ্জস্য রেখে ইনক্লুসিভিটি বাস্তবায়নের কৌশল এবং নীতিসমূহ নিয়মিত পর্যালোচনা করতে সক্ষম হয়েছে

### শিখনফল (Learning Outcome)-৪.১: ইনক্লুসিভিটি (Inclusivity) বর্ণনা করতে পারবে।

**বিষয়বস্তু (Contents):**

- ইনক্লুসিভিটি বা অন্তর্ভুক্তি
- ইন্ডিভিজুয়াল ডিফারেন্স ও বিশেষ চাহিদা সম্পন্ন প্রশিক্ষণার্থী
- ইন্ডিভিজুয়াল ডিফারেন্স ও বিশেষ চাহিদা সম্পন্ন প্রশিক্ষণার্থীদের চাহিদা নিরুপন এবং বিদ্যমান শিখন পদ্ধতির সাথে সমন্বয়
- ইনক্লুসিভিটির মূল নীতিগুলো
- সমস্ত কাজের অনুশীলনে ইনক্লুসিভিটি নীতিগুলো সম্পৃক্ত করন
- সিবিটিঅ্যান্ডএ পরিবেশে ইনক্লুসিভিটির অন্তর্ভূক্ত করন

মূল্যায়ন **মানদন্ড (Assessment Criteria):**

১. ইনক্লুসিভিটি (Inclusivity) বর্ণনা করতে সক্ষম হয়েছে
২. ব্যক্তি স্বতন্ত্রতা এবং বিশেষ চাহিদা সম্পন্ন প্রশিক্ষণার্থীর চাহিদা নিরুপন এবং বিদ্যমান শিখন পদ্ধতির সাথে সমন্বয় করতে সক্ষম হয়েছে
৩. সকল কাজের অনুশীলনে ইনক্লুসিভিটি (Inclusivity) নীতিগুলো সম্পৃক্ত করতে সক্ষম হয়েছে
৪. সিবিটিঅ্যান্ডএ (CBT&A) পরিবেশে ইনক্লুসিভিটি (Inclusivity) অন্তর্ভূক্ত করার বিষয়টি ব্যাখ্যা করতে সক্ষম হয়েছে

**শর্তাবলী (Conditions):**

কাজের সময় প্রশিক্ষণার্থীকে অবশ্যই সরবরাহ করতে হবে:

- প্রকৃত কর্মক্ষেত্র অথবা প্রশিক্ষণ পরিবেশ
- পিপিই, সরঞ্জাম ও উপকরণ
- ল্যাপটপ
- মাল্টিমিডিয়া প্রোজেক্টর
- হোয়াইট বোর্ড ও মার্কার
- ইন্টারনেট ফ্যাসিলিটিস

**শিখন উপকরণ (Learning Materials):**

- সিবিএলএম
- হ্যান্ডআউটস
- বই, ম্যানুয়াল
- মডিউল / রেফারেন্স
- কাগজ
- কলম

## প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities):

| প্রশিক্ষণ কার্যক্রম<br>(Learning Activities) | উপকরণ / বিশেষ নির্দেশনা<br>(Resources / Special instructions) |
|---|---|
| • ইনক্লুসিভিটি (Inclusivity) বর্ণনা করা | • ইনক্লুসিভিটি (Inclusivity) বর্ণনা করার জন্য ইনফরমেশন শীট ১.১ পড়তে হবে।<br>• প্রশিক্ষণার্থী নিজেকে যাচাই করার জন্য সেলফ চেক (Self Check) ১.১ এ উত্তর প্রদান করবে।<br>• উত্তর পত্রের সাথে নিজের উত্তর মিলিয়ে নিবে। |

## ইনফরমেশন শীট (Information Sheet): ৪.১-১

### ইনক্লুসিভিটি (Inclusivity) বর্ণনা

**শিখন উদ্দেশ্য (Learning Objective):** এই ইনফরমেশন শীট পড়ে প্রশিক্ষণার্থীগণ-

- ✓ ইনক্লুসিভিটির বর্ণনা করতে সক্ষম হবে
- ✓ ব্যক্তি স্বাতন্ত্রতা (ইন্ডিভিজুয়াল ডিফারেন্স) এবং বিশেষ চাহিদা সম্পন্ন প্রশিক্ষণার্থীদের চাহিদা নিরুপন এবং বিদ্যমান শিখন পদ্ধতির সাথে সমন্বয় করতে সক্ষম হবে
- ✓ সমস্ত কাজের অনুশীলনে ইনক্লুসিভিটি নীতিগুলো সম্পৃক্ত করতে সক্ষম হবে
- ✓ সিবিটিঅ্যান্ডএ পরিবেশে অন্তর্ভুক্তি অন্তর্ভূক্ত করার বিষয়টি ব্যাখ্যা করতে সক্ষম হবে

**ইনক্লুসিভিটি বা অন্তর্ভুক্তি**

এটা খুবই সাধারণ যে প্রশিক্ষণার্থীরা বিভিন্ন বয়স, সম্প্রদায়, শিখন সক্ষমতা সম্পন্ন, বুদ্ধিমত্তা ও ভিন্নরকম সক্ষমতা সম্পন্ন হতে পারে। যেহেতু প্রত্যেকেই এক একজন স্বতন্ত্র ব্যক্তি, তাই শিক্ষাদান এবং শিখন পরিবেশকে এমনভাবে সংগঠিত করতে হবে যেন প্রতিটি প্রশিক্ষণার্থীর চাহিদাগুলোকে স্বীকৃতি দিয়ে এবং চাহিদা পূরণ করে, শেখার সমান সুযোগ তৈরী করা যায়। এটাই ইনক্লুসিভিটি বা অন্তর্ভুক্তি।

**ইনক্লুসিভ বা অন্তর্ভুক্তিমূলক শিক্ষার পরিবেশ**

ইনক্লুসিভ পরিবেশে সকল সংস্কৃতির মানুষ:

- স্বাধীনভাবে তাদের পরিচয়, নিজস্ব মতামত এবং দৃষ্টিভঙ্গি প্রকাশ করতে পারে।
- শিক্ষাদান, শিক্ষা, কাজ এবং সামাজিক কর্মকাণ্ডে সম্পূর্ণভাবে অংশগ্রহণ করতে পারে এবং
- অ্যাবিউজ বা অপব্যবহার, হয়রানি বা অন্যান্য সমালোচনা থেকে নিরাপদ থাকে।

**ইন্ডিভিজুয়াল ডিফারেন্স ও বিশেষ চাহিদা সম্পন্ন** প্রশিক্ষণার্থী

**ইন্ডিভিজুয়াল ডিফারেন্স**

প্রতিটি ব্যক্তির লার্নিং ও ডেভেলপমেন্ট অনুযায়ী বৈশিষ্ট্য, ক্ষমতা এবং চ্যালেঞ্জগুলোর একটি পৃথক প্রোফাইল রয়েছে। এগুলো ইন্ডিভিজুয়াল ডিফারেন্স হিসেবে নিচের ক্ষেত্রগুলোতে প্রকাশ পায়:

- বুদ্ধিমত্তা বা ইন্টেলিজেন্স
- সৃজনশীলতা বা ক্রিয়েটিভিটি
- জ্ঞান শৈলী বা কগনিটিভ স্টাইল (Cognitive style)
- অনুপ্রেরণা বা মোটিভেশন এবং
- তথ্য প্রক্রিয়াকরণ, যোগাযোগ এবং অন্যদের সাথে সম্পর্ক স্থাপন বা রিলেট করা

**বিশেষ চাহিদা সম্পন্ন** প্রশিক্ষণার্থী

বিশেষ চাহিদা সম্পন্ন প্রশিক্ষণার্থী এমন একজন প্রশিক্ষণার্থী যার

- শেখার ক্ষেত্রে বিশেষ সহযোগিতার প্রয়োজন।
- বুদ্ধিবৃত্তিক, শারীরিক, সংবেদনশীল, মানসিক বা আচরণগত ক্ষেত্রে বিশেষ সহযোগিতার প্রয়োজন।

**উদাহরণ**

- যেখানে নারীদের অংশগ্রহণ কম
- যেখানে সাক্ষরতার হার কম

- ভিন্নভাবে সক্ষম ব্যক্তি
- গ্রামীণ এবং প্রত্যন্ত অঞ্চলের প্রশিক্ষণার্থী
- ঝুঁকিপূর্ণ যুবসমাজ
- শেখার অসুবিধা/ দেরিতে বুঝতে পারা প্রশিক্ষণার্থী
- সাক্ষরতা এবং সংখ্যাজ্ঞান প্রয়োজন
- আর্থ-সামাজিক প্রেক্ষাপট
- বয়স, লিঙ্গ, জৈবিক বৈশিষ্ট্য
- ধর্মীয় অনুশীলন
- বুদ্ধিগত প্রতিবন্ধকতা সম্পন্ন ব্যাক্তি
- অসুস্থতা যেমন আর্থ্রাইটিস, মৃগীরোগ, ডায়াবেটিস এবং হাঁপানি
- বাক, শ্রবণ, দৃষ্টি বা চলাফেরায় শারীরিক প্রতিবন্ধকতা বা অক্ষমতা
- মনস্তাত্ত্বিক বা মানসিক বৈকল্য

**ব্যাক্তি স্বাতন্ত্র্যতা (Individual difference) ও বিশেষ চাহিদা সম্পন্ন প্রশিক্ষণার্থীদের চাহিদা নিরুপন এবং বিদ্যমান শিখন পদ্ধতির সাথে সমন্বয়**

প্রশিক্ষক হিসাবে আপনার উচিত প্রশিক্ষণার্থীদের ব্যাক্তি স্বাতন্ত্র্যতা নির্ণয় এবং বিশেষ চাহিদা সম্পন্ন প্রশিক্ষণার্থীদের চাহিদা নিরুপন করা।

এই চাহিদা নিরূপন করার পর সেই অনুযায়ী প্রশিক্ষণ পরিকল্পনা করতে হবে যেন সকলেই সমান ভাবে শেখার সুযোগ পায় এবং প্রশিক্ষণের সময় সকলের মাঝে সুসম্পর্ক বজায় থাকে।

এই চাহিদাসমূহ নিরূপন করতে প্রশিক্ষকগন কারিকুলাম ভিত্তিক টেস্ট নিয়ে থাকেন। এগুলোর মধ্যে রয়েছে-

- প্রশিক্ষণার্থীদের তথ্য বা প্রোফাইল পর্যালোচনা
- ক্লাশরুম অবজারভেশন
- ওরাল ল্যাঙ্গুয়েজ অ্যাসেসমেন্ট (প্রয়োজনে স্পিচ স্পেশালিস্টের সহায়তা নেওয়া যেতে পারে) ।

প্রশিক্ষণার্থীদের বিশেষ চাহিদার মধ্যে থাকতে পারে –

- বিশেষ সহায়তা পরিষেবা (যেমন সাইন ল্যাঙ্গুয়েজ ইন্টারপ্রেটার, ব্রেইল ট্রান্সক্রাইবার ইত্যাদি)
- উপযুক্ত প্রশিক্ষণ পদ্ধতি
- রিসোর্স রুম এবং পাঠ্যক্রম ব্যবহার করার জন্য বিশেষ প্রযুক্তির ব্যবস্থা।

একজন বিশেষ প্রশিক্ষণার্থীর সাধারণ লক্ষণগুলোর মধ্যে রয়েছে:

- পড়া, লেখা বা উভয়ক্ষেত্রে সমস্যা
- সংখ্যা বিষয়ক সমস্যা
- দূর্বল স্মৃতি শক্তি
- মনোযোগে সমস্যা
- নির্দেশনা অনুসরণ করতে সমস্যা
- সংগঠিত থাকার সমস্যা

**ইনক্লুসিভিটির প্রিন্সিপ্‌ল বা নীতিসমূহ**

- অংশগ্রহণের সময় সমান সুযোগ বজায় রাখা
- ব্যক্তি স্বাধীনতা লালন এবং সমর্থন করা
- শেখার জন্য সহযোগিতামূলক পরিবেশ নিশ্চিত করা
- শেখার জন্য প্রশিক্ষণার্থী -কেন্দ্রিক পদ্ধতি প্রয়োগ করা
- ব্যক্তিগত অবদান সাপোর্ট করা, উৎসাহ দেওয়া এবং মূল্যায়ন করা
- প্রশিক্ষকদের অনুপ্রাণিত করা
- অংশগ্রহণ এবং সাফল্যের জন্য সুযোগ তৈরি করা
- ইক্যুইটির জন্য পদ্ধতি, অ্যাকটিভিটি এবং অ্যাসেসমেন্টের সময় রিজনাব্‌ল অ্যাডজাস্টমেন্ট (Reasonable Adjustment) করা
- বর্তমান সক্ষমতা এবং দক্ষতাকে পরবর্তী শেখার ভিত্তি হিসাবে মূল্যায়ন করা।

**সিবিটিএন্ডএ পরিবেশে ইনক্লুসিভিটি প্রয়োগ**

সিবিটিএন্ডএ পরিবেশে বিশেষ চাহিদা সম্পন্ন প্রশিক্ষণার্থীদের শেখানোর ক্ষেত্রে নিম্নলিখিত পাঁচটি শিখণ বিষয় বিবেচনা করা উচিত:

- শ্রেণীকক্ষ/ ওয়ার্কশপ সংগঠিত (অর্গানাইজ) রাখা।
- মনে রাখতে হবে যে প্রতিটি প্রশিক্ষণার্থী একটি পৃথক সত্তা।
- প্রশিক্ষণার্থীদের সফল হওয়ার সুযোগ দিতে হবে।
- সাপোর্ট নেটওয়ার্ক তৈরি করা।
- বিষয়সমূহ সহজ রাখা।

## সেলফ চেক (Self Check)-৪.১-১

প্রশিক্ষণার্থীদের জন্য নির্দেশনা: - উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন-

**বহুনির্বাচনী প্রশ্ন:**

**১. কোনটি ইনক্লুসিভ পরিবেশের অন্তর্ভুক্ত নয়?**

A. স্বাধীনভাবে নিজস্ব মতামত প্রকাশ করতে পারে
B. শিক্ষাদান কর্মকান্ডে সম্পূর্ণভাবে অংশগ্রহণ করতে পারে
C. হয়রানি বা অন্যান্য সমালোচনা থেকে নিরাপদ থাকে
D. সংবাদ মাধ্যমে বিবৃতি দিতে পারে

**২. কোনটি ইন্ডিভিজুয়াল ডিফারেন্সের ক্ষেত্র নয়?**

A. বুদ্ধিমত্তা বা ইন্টেলিজেন্স
B. সৃজনশীলতা বা ক্রিয়েটিভিটি
C. ভ্রমন বা ট্র্যাভেলিং
D. অনুপ্রেরণা বা মোটিভেশন

**৩. এদের মধ্যে কাদেরকে বিশেষ চাহিদা সম্পন্ন** প্রশিক্ষণার্থী **হিসেবে ধরা যায়?**

A. ধার্মিক নারী শিক্ষার্থী
B. ইউনিভার্সিটি শিক্ষার্থীরা যারা হলে থাকে
C. কলেজ পড়ুয়া নারী শিক্ষার্থী
D. ডিপ্লোমা পড়া নারী শিক্ষার্থী

অতি সংক্ষিপ্ত প্রশ্নঃ

১. ইনক্লুসিভিটি বলতে কি বুঝ?

২. বিশেষ চাহিদা সম্পন্ন প্রশিক্ষণার্থী কারা?

## উত্তরপত্র (Answer Key)-৪.১-১

প্রশিক্ষণার্থীদের জন্য নির্দেশনা: - উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন-

**বহুনির্বাচনী প্রশ্ন:**

১. কোনটি ইনক্লুসিভ পরিবেশের অন্তর্ভুক্ত নয়?

D. সংবাদ মাধ্যমে বিবৃতি দিতে পারে

২. কোনটি ইন্ডিভিজুয়াল ডিফারেন্সের ক্ষেত্র নয়?

C. ভ্রমন বা ট্র্যাভেলিং

৩. এদের মধ্যে কাদেরকে বিশেষ চাহিদা সম্পন্ন প্রশিক্ষণার্থী হিসেবে ধরা যায়?

A. ধার্মিক নারী শিক্ষার্থী

অতি সংক্ষিপ্ত প্রশ্নঃ

৩. ইনক্লুসিভিটি বলতে কি বুঝ?

**উত্তর:** বিভিন্ন বয়স, সম্প্রদায়, শিখন সক্ষমতা সম্পন্ন, বুদ্ধিমত্তা ও ভিন্নরকম সক্ষমতা সম্পন্ন প্রশিক্ষার্থীদের চাহিদাগুলোকে প্রশিক্ষণের সময় স্বীকৃতি দিয়ে এবং চাহিদা পূরণ করে, শেখার সমান সুযোগ তৈরী করা কেই ইনক্লুসিভিটি বলে।

৪. বিশেষ চাহিদা সম্পন্ন প্রশিক্ষণার্থী কারা?

**উত্তর:** বিশেষ চাহিদা সম্পন্ন প্রশিক্ষণার্থী এমন একজন প্রশিক্ষণার্থী যার

- শেখার ক্ষেত্রে বিশেষ সহযোগিতার প্রয়োজন।
- বুদ্ধিবৃত্তিক, শারীরিক, সংবেদনশীল, মানসিক বা আচরণগত ক্ষেত্রে বিশেষ সহযোগিতার প্রয়োজন।

## শিখনফল (Learning Outcome)-৪.২: ইনক্লুসিভিটি সমর্থনে কর্ম কৌশল প্রণয়ন ও বাস্তবায়ন করতে পারবে।

**বিষয়বস্তু (Contents):**

- ইনক্লুসিভিটি ও ইক্যুইটি নীতি
- এক্সেসিবিলিটি, সাম্যতা বা ইক্যুইটি, ডিজাবিলিটি এবং ইনক্লুসিভিটি সম্পর্কিত গাইডলাইন এবং সহায়ক উপকরণসমূহ
- সহায়ক ব্যক্তি এবং পরিষেবাসমূহ
- ফিজিক্যাল এনভায়রনমেন্ট সাপোর্ট চাহিদা
- ইনক্লুসিভিটির সাথে সম্পর্কিত ওএসএইচ সংক্রান্ত বিষয়সমূহ
- নিজের এবং অন্যদের ভবিষ্যত শিক্ষার লক্ষ্য অর্জনের উপায়সমূহ

মূল্যায়ন **মানদন্ড (Assessment Criteria):**

১. অ্যাক্সেসিবিলিটি (Accessibility) ইক্যুইটি (Equity), ডিজাবিলিটি (Disability) এবং ইনক্লুসিভিটি (Inclusivity) সম্পর্কিত গাইডলাইন এবং সহায়ক উপকরণগুলো সনাক্ত এবং ব্যবহার করতে সক্ষম হয়েছে
২. কাজ এবং শেখার প্রক্রিয়ায় প্রয়োজন ও সম্মতি অনুযায়ী সহায়ক ব্যক্তি এবং পরিষেবাগুলো চিহ্নিত এবং অন্তর্ভুক্ত করতে সক্ষম হয়েছে
৩. কাজের অনুশীলনের সময় প্রয়োজন অনুসারে কর্মক্ষেত্রের পরিবেশ সংক্রান্ত চাহিদাগুলো স্বীকৃত এবং অন্তর্ভুক্ত করতে সক্ষম হয়েছে
৪. অন্তর্ভূক্তির (Inclusivity) সাথে সম্পর্কিত ওএসএইচ সংক্রান্ত বিষয়গুলো চিহ্নিত করে প্রচলিত গাইডলাইন এবং পদ্ধতি অনুযায়ী অন্তর্ভুক্ত করতে সক্ষম হয়েছে
৫. কাজ ও শেখার পরিবেশ অনুযায়ী নিজের এবং অন্যদের ভবিষ্যত শিক্ষার লক্ষ্য অর্জনের উপায়সমূহ আলোচনা করতে সক্ষম হয়েছে

**শর্তাবলী (Conditions):**

কাজের সময় প্রশিক্ষণার্থীকে অবশ্যই সরবরাহ করতে হবে:

- প্রকৃত কর্মক্ষেত্র অথবা প্রশিক্ষণ পরিবেশ
- ল্যাপটপ
- মাল্টিমিডিয়া প্রোজেক্টর
- পিপিই, সরঞ্জাম ও উপকরণ

**শিখন উপকরন (Learning Materials):**

- সিবিএলএম
- হ্যান্ডআউটস
- বই, ম্যানুয়াল
- কাগজ
- কলম

## প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities):

| **প্রশিক্ষণ কার্যক্রম**<br>**(Learning Activities)** | **উপকরন / বিশেষ নির্দেশনা**<br>**(Resources / Special instructions)** |
|---|---|
| ● ইনক্লুসিভিটি বা ইনক্লুসিভিটি সমর্থনে কর্ম কৌশল তৈরি ও বাস্তবায়ন করা | ● ইনক্লুসিভিটি বা ইনক্লুসিভিটি সমর্থনে কর্ম কৌশল তৈরি ও বাস্তবায়ন করার জন্য ইনফরমেশন শীট ২.১ পড়তে হবে।<br>● প্রশিক্ষণার্থী নিজেকে যাচাই করার জন্য সেলফ চেক (Self Check) ২.১ এ উত্তর প্রদান করবে।<br>● উত্তর পত্রের সাথে নিজের উত্তর মিলিয়ে নিবে। |

## ইনফরমেশন শীট (Information Sheet): ৪.২-১

### ইনক্লুসিভিটি বা ইনক্লুসিভিটি সমর্থনে কর্ম কৌশল তৈরি ও বাস্তবায়ন

**শিখন উদ্দেশ্য (Objective):** এই ইনফরমেশন শীট পাঠে প্রশিক্ষণার্থীগণ-

- ✓ অ্যাক্সেসিবিলিটি (Accessibility) ইক্যুইটি (Equity), ডিজাবিলিটি (Disability) এবং ইনক্লুসিভিটি (Inclusivity) সম্পর্কিত গাইডলাইন এবং সহায়ক উপকরণগুলো সনাক্ত এবং ব্যবহার করতে সক্ষম হবে
- ✓ কাজ এবং শেখার প্রক্রিয়ায় প্রয়োজন ও সম্মতি অনুযায়ী সহায়ক ব্যক্তি এবং পরিষেবাগুলো চিহ্নিত এবং অন্তর্ভুক্ত করতে সক্ষম হবে
- ✓ কাজের অনুশীলনের সময় প্রয়োজন অনুসারে কর্মক্ষেত্রের পরিবেশ সংক্রান্ত চাহিদাগুলো স্বীকৃত এবং অন্তর্ভুক্ত করতে সক্ষম হবে
- ✓ অন্তর্ভূক্তির (Inclusivity) সাথে সম্পর্কিত ওএসএইচ সংক্রান্ত বিষয়গুলো চিহ্নিত করে প্রচলিত গাইডলাইন এবং পদ্ধতি অনুযায়ী অন্তর্ভুক্ত করতে সক্ষম হবে
- ✓ কাজ ও শেখার পরিবেশ অনুযায়ী নিজের এবং অন্যদের ভবিষ্যত শিক্ষার লক্ষ্য অর্জনের উপায়সমূহ আলোচনা করতে সক্ষম হবে

**ইনক্লুসিভিটি ও ইক্যুইটি পলিসি**

ইক্যুইটি মানে প্রতিবন্ধকতা অপসারণ করা, বৈষম্য দূর করা এবং সমান সুযোগ নিশ্চিত করা। এর অর্থ হল কর্মসংস্থান এবং সম্পদের দৃষ্টিকোণ থেকে সকলকে সমান সুবিধা প্রদান করা। অন্তর্ভুক্তি মানে প্রত্যেককে মূল্যায়ন করা।
এর সাপোর্টে বাংলাদেশে যথাযথ আইন ও পলিসি রয়েছে। যেমন –

- জাতীয় শিক্ষানীতি ২০২০
- রাইটস এবং প্রোটেকশন পলিসি ও পার্সনস উইথ ডিসাবিলিটি অ্যাক্ট ২০১৩

এগুলোর উপর ভিত্তি করে সব সংস্থাকে এ সম্পর্কিত তাদের নিজস্ব পলিসি তৈরী ও বাস্তবায়ন করতে হবে।

প্রশিক্ষণ প্রতিষ্ঠানেও এগুলো থাকতে হবে।

- প্রশিক্ষণ প্রদান ও অ্যাসেসমেন্টের সময় যেন ইনক্লুসিভিটি ও ইক্যুইটির চর্চা চলমান থাকে প্রতিষ্ঠানকে তা নিশ্চিত করতে হবে।
- প্রতিষ্ঠানের প্রচারণায় এমন কথা লেখা যেতে পারে, "আমাদের প্রতিষ্ঠানে ভর্তিচ্ছুক সকল প্রশিক্ষণার্থীদের কোন বৈষম্য ছাড়াই গ্রহণ, সম্মান দেওয়া, সমানভাবে অংশগ্রহণের সুযোগ দেওয়া এবং মূল্যায়ন করা হয়"
- প্রতিষ্ঠানের সকল সদস্যকে এ সম্পর্কিত প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।

**এক্সেসিবিলিটি, সাম্যতা বা ইক্যুইটি, ডিজাবিলিটি এবং ইনক্লুসিভিটি সম্পর্কিত গাইডলাইন এবং সহায়ক উপকরণসমূহ**

জাতিসংঘের শিক্ষা, বৈজ্ঞানিক ও সাংস্কৃতিক সংগঠন (United Nations Educational, Scientific and Cultural Organization) ২০০৯ সালে "পলিসি গাইডলাইন অন ইনক্লুশন ইন এডুকেশন" প্রকাশ করে। এতে শিক্ষার অন্যান্য অংশের মত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে এক্সেসিবিলিটি, সাম্যতা বা ইক্যুইটি, ডিজাবিলিটি এবং ইনক্লুসিভিটি সম্পর্কিত গাইডলাইন এবং সহায়ক উপকরণসমূহের বিশদ বিবরণ রয়েছে।

এই গাইডলাইন অনুযায়ী প্রশিক্ষক এবং প্রশিক্ষণ প্রতিষ্ঠানের জন্য একটি চেকলিস্ট দেওয়া হল:

| | |
|---|---|
| ১. | সারা দেশে যথাযথভাবে প্রশিক্ষিত প্রশিক্ষক নিয়োগ করা হয়েছে কি? |
| ২. | শিক্ষা কি সব শিশুর অন্তর্ভুক্ত, সুরক্ষামূলক, লিঙ্গ প্রতিক্রিয়াশীল এবং প্রশিক্ষণার্থীদের নিজেদের অংশগ্রহণে উৎসাহিত করে? |
| ৩. | প্রণোদনা প্রদান এবং চলমান পেশাগত উন্নয়নের মাধ্যমে প্রশিক্ষকদের পেশাগত বিকাশ এবং প্রেরণা কি উন্নত হয়? |
| ৪. | বহুভাষিকতা কি গ্রহণ করা হয়েছে, বিশেষ করে স্কুলের প্রথম বছরগুলোতে মাতৃভাষা শিক্ষার গুরুত্বের স্বীকৃতি? |
| ৫. | শিক্ষার পরিবেশ কি নিরাপদ এবং স্বাস্থ্যকর? |
| ৬. | শিখন পদ্ধতি কি ইন্টারেক্টিভ? |
| ৭. | শিখন পদ্ধতি কি বিভিন্ন বয়সের (শিশু, যুবক এবং প্রাপ্তবয়স্কদের) সাথে খাপ খাইয়ে নেওয়া হয়েছে? |
| ৮. | প্রশিক্ষকরা কি দলে কাজ করতে উৎসাহী? |
| ৯. | কাজ কি প্রকল্প ভিত্তিক? |
| ১০. | পাঠদান কি প্রধানত তাত্ত্বিক? |
| ১১. | উপকরণগুলো কি শেখার অসুবিধা (দৃষ্টি প্রতিবন্ধী, শ্রবণ প্রতিবন্ধী, ইত্যাদি) সহ সমস্ত প্রশিক্ষণার্থীর চাহিদা পূরণ করে? |
| ১২. | প্রশিক্ষকরা কি পিতামাতা এবং সুশীল সমাজের সাথে সহযোগিতা করতে উৎসাহী? |

এরকম নানাবিধ উপযুক্ত টুলস ব্যবহার করে প্রশিক্ষণ প্রতিষ্ঠানে ইনক্লুসিভিটি এবং ইক্যুইটি নিশ্চিত করা সম্ভব।

**সহায়ক ব্যক্তি এবং পরিষেবাসমূহ**

প্রশিক্ষণ পদ্ধতিতে চুক্তিবদ্ধ হলে বা যেখানে প্রয়োজন, সহায়ক ব্যক্তি এবং পরিষেবাসমূহে যোগাযোগ করতে হবে।

**সহায়ক ব্যক্তি:**

- পরিবারের সদস্য
- বিশেষ সহায়তা পরিষেবায় সরকারী কর্মকর্তা
- সহকর্মী
- ইন্টারপ্রেটর
- সম্প্রদায়ের প্রতিনিধি
- প্রযুক্তিগত সহায়তাকারী ব্যক্তি
- প্রশাসনিক কর্মী
- ছাত্র পরামর্শদাতা

**পরিষেবা:**

- সমাজসেবা
- স্বাস্থ্য
- আইনগত
- পুলিশি সাহায্য
- অ্যাম্বুলেন্স

## ফিজিক্যাল এনভায়রনমেন্ট সাপোর্ট চাহিদা



"**ফিজিক্যাল এনভায়রনমেন্ট**" শব্দটি একটি শ্রেণীকক্ষ এবং এর শিক্ষা কেন্দ্রগুলোর সামগ্রিক ডিজাইন ও লে-আউটকে বোঝায় । প্রশিক্ষকদের উচিত শিক্ষার সুযোগ এবং প্রতিটি প্রশিক্ষণার্থীর অংশগ্রহনকে সর্বাধিক করার জন্য প্রয়োজনীয় স্পেস, ফার্নিচার এবং ম্যাটেরিয়ালগুলোকে অর্গানাইজ করে শিখন পরিবেশের ডিজাইন করা। কার্যকরভাবে এটি করার জন্য, প্রশিক্ষকরা ইউনিভার্সাল ডিজাইন ফর লার্নিং (UDL) নামে পরিচিত একটি ধারণা প্রয়োগ করতে পারেন। এতে এনভায়রনমেন্ট এবং এর ম্যাটেরিয়ালগুলো যেন প্রত্যেকের কাছে অ্যাক্সেসযোগ্য হয় তার উপর জোর দেওয়া হয়। এই অ্যাক্সেসযোগ্যতা তৈরি করার জন্য বিভিন্ন স্তরে পাঠের বই রাখা, একটি শেলফে সহজ নাগালের মধ্যে শিখন উপকরণগুলো রাখা বা পর্যাপ্ত জায়গা তৈরি করা অন্তর্ভুক্ত থাকে যেন একজন প্রশিক্ষণার্থী যে হুইলচেয়ার ব্যবহার করে, সে শ্রেণীকক্ষের চারপাশে চলাচল করতে পারে।

একটি কার্যকর ফিজিক্যাল এনভায়রনমেন্ট ডিজাইন করা হয়ে গেলে, প্রশিক্ষকদের সেই পরিবেশের বিভিন্ন দিক বিবেচনা করতে হবে। একবার প্রশিক্ষণার্থীর আকার ও বয়স অনুযায়ী উপযুক্ত গৃহসজ্জার সামগ্রী নির্বাচন করার পর। প্রশিক্ষকদের নিম্নলিখিতগুলোর প্রতিটি নিয়ে কাজ করতে হবে।

- **ফার্নিশিং এবং ফ্লোর কাভারিং**
  একটি পরিকল্পিত ফিজিক্যাল এনভায়রনমেন্টে বিভিন্ন অ্যাক্টিভিটি এরিয়া থেকে যেখানে পরিষ্কার, ফিজিক্যাল এবং ভিজুয়াল বাউন্ডারি আছে, এবং একে ফার্নিশিং এবং ফ্লোর কাভারিং হিসেবে সংজ্ঞায়িত করা হয় । এই ফার্নিশিং এবং ফ্লোর কাভারিংগুলো এমন ভাবে তৈরি করা উচিত যেন তা আরামদায়ক হয়।

- **উপকরণ নির্বাচন এবং স্থাপন**
  ফিজিক্যাল এনভায়রনমেন্টের আরেকটি দিক হল উপকরণ নির্বাচন এবং স্থাপন। ইনক্লুসিভিটির চাহিদা অনুযায়ী প্রশিক্ষণ উপকরণগুলো নির্বাচন ও সাজিয়ে রাখতে হবে যেন প্রশিক্ষণার্থীরা সহজে সেগুলো ব্যবহার করতে পারে।

- **ভিজ্যুয়াল ম্যাটেরিয়াল ডিজাইন ও ডিসপ্লে**
  ফিজিক্যাল এনভায়রনমেন্টের আরেকটি গুরুত্বপূর্ণ দিক হল ভিজ্যুয়াল ম্যাটেরিয়াল ডিজাইন ও ডিসপ্লে করা। ভিজুয়াল ম্যাটেরিয়াল-যেমন ইনক্লুসিভিটির তথ্য, শ্রেণীকক্ষের নিয়ম, দৈনিক সময় সূচী, এবং একটি রুটিন (যেমন, হাত ধোয়া) প্রদর্শনের জন্য পোস্টারগুলো-প্রশিক্ষণার্থীদের কী করতে হবে তা জানতে এবং তাদের পরিবেশ আরও ভালভাবে বুঝতে সাহায্য করে।

- **আলো এবং শব্দ**
  ফিজিক্যাল এনভায়রনমেন্ট ডিজাইনের সময়, প্রশিক্ষকদের আলো এবং শব্দ বিবেচনা করা উচিত। প্রশিক্ষকরা আলো এবং শব্দ ব্যবহার করে একটি আরামদায়ক পরিবেশ তৈরি করতে পারেন যা সারাদিনের বিভিন্ন কার্যক্রমের জন্য উপযোগী।

**ইনক্লুসিভিটির সাথে সম্পর্কিত ওএসএইচ সমস্যাসমূহ**

একজন প্রশিক্ষক এবং অ্যাসেসরকে ইনক্লিসিভিটির সাথে সম্পর্কিত অকুপেশনাল হেলথ এন্ড সেফটির উপর বিশেষ গুরুত্ব দিতে হয়। মূলতঃ দুই ধরনের সমস্যা নিয়ে তাদের কাজ করতে হয়-

ট্রেনিং সেশনে প্রশিক্ষকের সাথে সম্পর্কিত সমস্যা

| এখানে ট্রেনিং সেশনে প্রশিক্ষকের সাথে ইনক্লুসিভিটির সাথে সম্পর্কিত কয়েকটি ওএসএইচ সমস্যা লিখুন: |
|---|
| |

অন্যদের উপর OSH প্রভাব সম্পর্কিত সমস্যা

| এখানে অন্যদের উপর OSH প্রভাব সম্পর্কিত কয়েকটি সমস্যা লিখুন: |
|---|
| |

**নিজের এবং অন্যদের শিক্ষার ভবিষ্যত লক্ষ্য অর্জনের উপায়সমূহ**

প্রশিক্ষণার্থীদের পরবর্তী সাফল্য ও লক্ষ্য অর্জনের জন্য একাধিক পাথওয়েগুলোকে বিভিন্ন কাঠামোগত একাডেমিক সুযোগ হিসাবে বিবেচনা করা হয়। প্রতিটি পথ তার প্রোগ্রামিং দ্বারা বিবেচনা এবং প্রতিটি প্রশিক্ষণার্থীর পৃথক একাডেমিক আগ্রহ এবং বিশেষ চাহিদার উপর ভিত্তি করে অনুসরন করা হয় ।



## সেলফ চেক (Self Check)- ৪.২-১

প্রশিক্ষণার্থীদের জন্য নির্দেশনা: - উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লিখ-

অতি সংক্ষিপ্ত প্রশ্ন-

১. ইনক্লুসিভিটি ও ইক্যুইটির সাপোর্টে বাংলাদেশে কি কি আইন ও পলিসি রয়েছে?

২. প্রশিক্ষণ প্রতিষ্ঠানে এক্সেসিবিলিটি, সাম্যতা বা ইক্যুইটি, ডিজাবিলিটি এবং ইনক্লুসিভিটি সম্পর্কিত গাইডলাইন এবং সহায়ক উপকরণসমূহের বিশদ বিবরণ কোথায় পাওয়া যাবে?

৩. ফিজিক্যাল এনভায়রনমেন্টের ক্ষেত্রে কি কি বিষয়ে খেয়াল রাখতে হবে?

## উত্তরপত্র (Answer key)- ৪.২-১

প্রশিক্ষণার্থীদের জন্য নির্দেশনা: - উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লিখ-

অতি সংক্ষিপ্ত প্রশ্ন-

১. **ইনক্লুসিভিটি ও ইক্যুইটির সাপোর্টে বাংলাদেশে কি কি আইন ও পলিসি রয়েছে?**

**উত্তর: ইনক্লুসিভিটি ও ইক্যুইটির সাপোর্টে বাংলাদেশে যথাযথ আইন ও পলিসি রয়েছে। যেমন –**

- জাতীয় শিক্ষানীতি ২০২০
- রাইটস এবং প্রোটেকশন পলিসি ও পার্সনস উইথ ডিসাবিলিটি অ্যাক্ট ২০১৩

২. **প্রশিক্ষণ** প্রতিষ্ঠানে এক্সেসিবিলিটি, সাম্যতা বা ইক্যুইটি, ডিজাবিলিটি এবং ইনক্লুসিভিটি সম্পর্কিত গাইডলাইন এবং সহায়ক উপকরণসমূহের বিশদ বিবরণ কোথায় পাওয়া যাবে?

**উত্তর:** জাতিসংঘের শিক্ষা, বৈজ্ঞানিক ও সাংস্কৃতিক সংগঠন (United Nations Educational, Scientific and Cultural Organization) এর ২০০৯ সালে প্রকাশিত "পলিসি গাইডলাইন অন ইনক্লুশন ইন এডুকেশন" এ পাওয়া যাবে।

৩. **ফিজিক্যাল এনভায়রনমেন্টের ক্ষেত্রে কি কি বিষয়ে খেয়াল রাখতে হবে?**

**উত্তর:** পরিকল্পিত ফিজিক্যাল এনভায়রনমেন্টে এই বিষয়গুলোর উপর

- ফার্নিশিং এবং ফ্লোর কাভারিং
- উপকরণ নির্বাচন এবং স্থাপন
- ভিজ্যুয়াল ম্যাটেরিয়াল ডিজাইন ও ডিসপ্লে
- আলো এবং শব্দ

শিখনফল (Learning Outcome)-৪.৩: বৈচিত্র (Diversity) প্রচার এবং সমন্বয় করতে পারবেন।

**বিষয়বস্তু (Contents):**

- ইনক্লুসিভিটির গ্রাউন্ড রুল ও প্রশিক্ষণ পরিবেশে এর প্রয়োগ
- প্রশিক্ষণার্থীদের অংশগ্রহন এবং নিজেকে প্রকাশ
- প্রশিক্ষণার্থীদের বিশেষ প্রয়োজনগুলো চিহ্নিতকরণ
- সংস্কৃতির ভিন্নতা অনুযায়ী মৌখিক এবং শারিরীক ভাষার উপর সংবেদনশীলতা
- ফিজিক্যাল ও ইন্টেলেকচুয়াল সক্ষমতা

মূল্যায়ন **মানদন্ড (Assessment Criteria):**

১. সহকর্মী এবং প্রশিক্ষণার্থীদের সাথে অংশগ্রহণ ও আচরণের মূল নিয়মগুলো সহযোগিতা এবং ঐক্যমতের ভিত্তিতে প্রতিষ্ঠা করতে সক্ষম হয়েছে

২. অংশগ্রহনমূলক এবং সম্মত প্রক্রিয়া অনুসারে নিজেকে প্রকাশ করতে এবং কাজ ও শিক্ষার পরিবেশে অবদান রাখতে প্রশিক্ষণার্থীদের উৎসাহিত করতে সক্ষম হয়েছে

৩. সহযোগিতামূলক এবং স্বীকৃত প্রক্রিয়ায় শেখার এবং কাজের ক্ষেত্রে অংশগ্রহণের জন্য প্রশিক্ষণার্থীদের বিশেষ চাহিদাসমূহ নির্দেশ করার সুযোগ করে দিতে সক্ষম হয়েছে

৪. সংস্কৃতির ভিন্নতা অনুযায়ী মৌখিক এবং শারিরীক ভাষার ক্ষেত্রে সংবেদনশীল হতে সক্ষম হয়েছে

৫. প্রেক্ষাপট ও শারীরিক এবং বুদ্ধিবৃত্তিক ভিন্নতার প্রতি সংবেদনশীল থাকতে সক্ষম হয়েছে

**শর্তাবলী (Conditions):**

কাজের সময় প্রশিক্ষণার্থীকে অবশ্যই সরবরাহ করতে হবে:

- প্রকৃত কর্মক্ষেত্র অথবা প্রশিক্ষণ পরিবেশ
- পিপিই
- ল্যাপটপ
- মাল্টিমিডিয়া প্রোজেক্টর
- হোয়াইট বোর্ড ও মার্কার
- ইন্টারনেট ফ্যাসিলিটিস

**শিখন উপকরণ (Learning Materials):**

- সিবিএলএম
- পিপিই
- হ্যান্ডআউটস
- বই, ম্যানুয়াল
- মডিউল / রেফারেন্স
- কাগজ
- কলম

## প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities):

| **প্রশিক্ষণ কার্যক্রম**<br>**(Learning Activities)** | **উপকরণ / বিশেষ নির্দেশনা**<br>**(Resources / Special instructions)** |
| --- | --- |
| • **বৈচিত্র (ডাইভার্সিটি) রেসপন্স এবং সমন্বয় করা** | • বৈচিত্র (ডাইভার্সিটি) রেসপন্স এবং সমন্বয় করার জন্য ইনফরমেশন শীট ৩.১ পাঠ করতে হবে।<br>• প্রশিক্ষণার্থী নিজ যাচাই (Self Check) ৩.১ এ উত্তর প্রদান করবেন।<br>• উত্তরপত্রের (৩.১) সাথে নিজের উত্তর মিলিয়ে দেখবেন।<br>• বৈচিত্র (ডাইভার্সিটি) রেসপন্স এবং সমন্বয় করতে করার জন্য জব শীট ৩.১ অনুশীলন করতে হবে। |

## ইনফরমেশন শীট (Information sheet): ৪.৩-১

### বৈচিত্র (ডাইভার্সিটি) রেসপন্স এবং সমন্বয়

**শিখন উদ্দেশ্য (Learning Objective):** এই ইনফরমেশন শীট পাঠ করে প্রশিক্ষণার্থীগণ-

- ✓ সহকর্মী এবং প্রশিক্ষণার্থীদের সাথে অংশগ্রহণ এবং আচরণের মূল নিয়মগুলো একটি অংশগ্রহনমূলক এবং সম্মত প্রক্রিয়া অনুসারে প্রতিষ্ঠা করতে সক্ষম হবে
- ✓ প্রশিক্ষণার্থীদের অংশগ্রহনমূলক এবং সম্মত প্রক্রিয়া অনুসারে নিজেকে প্রকাশ করতে, এবং কাজ ও শিক্ষার পরিবেশে অবদান রাখতে উৎসাহিত করতে সক্ষম হবে
- ✓ প্রশিক্ষণার্থীদের অংশগ্রহনমূলক এবং সম্মত প্রক্রিয়ায় শেখার এবং কাজের ক্ষেত্রে তাদের অংশগ্রহণের জন্য প্রয়োজনীয় বিশেষ প্রয়োজনগুলো নির্দেশ করার সুযোগ করে দিতে সক্ষম হবে
- ✓ সংস্কৃতির ভিন্নতা অনুযায়ী মৌখিক এবং শারিরীক ভাষার উপর সংবেদনশীল হতে সক্ষম হবে
- ✓ প্রেক্ষাপট ও শারীরিক এবং বুদ্ধির পার্থক্যের প্রতি সংবেদনশীল থাকতে সক্ষম হবে

**ডাইভার্সিটির গ্রাউন্ড রুল ও প্রশিক্ষণ পরিবেশে এর প্রয়োগ**



প্রশিক্ষণ পরিবেশে ডাইভারসিটি বলতে একটি প্রতিষ্ঠানের ব্যক্তিদের মধ্যে বিদ্যমান বিভিন্ন পার্থক্যকে বোঝায়। ডাইভারসিটি কেবল ব্যক্তির আত্মসচেতনতাকেই নয়, অন্যরা কীভাবে তাকে বিচার করে সেটাও অন্তর্ভুক্ত করে। জাতিগত বৈচিত্র্য, জেন্ডার, এথনিক গ্রুপ, বয়স, ধর্ম, সেক্সুয়াল ওরিয়েন্টেশন, নাগরিকত্বের স্ট্যাটাস, মিলিটারি সার্ভিস এবং মেন্টাল ও ফিজিক্যাল অবস্থার সাথে সাথে মানুষের মধ্যে অন্যান্য স্বতন্ত্র পার্থক্যগুলোকে কর্মক্ষেত্রে ডাইভারসিটির অন্তর্ভুক্ত করে।

**ডাইভার্সিটির গ্রাউন্ড রুল:**

- আচরণ এবং গ্রহণযোগ্যতার নির্দেশিকা
- গ্রুপ সম্পর্কে প্রশিক্ষণার্থীদের মধ্যে সাধারণ বোঝাপড়া
- ইন্টারেকশন, সম্মান এবং গ্রহণযোগ্যতা
- ওয়ার্কিং রিলেশনশীপের প্রত্যাশা
- প্রশিক্ষণার্থী এবং অন্যান্যদের নিরাপত্তা
- প্রশিক্ষণার্থী এবং অন্যান্যদের স্বাচ্ছন্দ বা কমফোর্ট
- গ্রাউন্ড রুল লঙ্ঘনের জন্য সম্মত শাস্তি

**প্রশিক্ষণার্থীদের অংশগ্রহন এবং নিজেকে প্রকাশ**

- প্রশিক্ষণে প্রশিক্ষণার্থীদের সক্রিয় অংশগ্রহণ দক্ষতা উন্নয়নের জন্য জরুরী। প্রশিক্ষণে অংশ নিয়ে নিজেকে দক্ষ করার দায়িত্ব প্রশিক্ষার্থীর নিজের। প্রশিক্ষক কেবল তাদের সঠিক পথ দেখাবেন। কিছু কিছু প্রশিক্ষণার্থী আছে যারা সবকিছুর জন্যই অজুহাত দেখায়। এরা নিজেদেরকে শেখার জন্য নিয়োজিত হিসাবে দেখে না, তাই, তারা তাদের নিজস্ব শেখার দায়িত্বও নেয় না।
- প্রশিক্ষণার্থীদের শেখার দায়িত্ব নেওয়ার সুযোগ দেওয়া প্রশিক্ষকদের জন্য গুরুত্বপূর্ণ। গোল বা লক্ষ্য নির্ধারণ, লার্নিং অ্যাকটিভিটি এবং অ্যাসেসমেন্টের মাধ্যমে প্রশিক্ষণার্থীদের মাঝে দায়িত্বশীল অংশগ্রহনে অভ্যস্ত করানো যায়।

- একটি শ্রেণীকক্ষে যা প্রশিক্ষণার্থীদের অর্জনের উপর দৃষ্টি নিবদ্ধ করে, লক্ষ্য-নির্ধারণ, পছন্দ এবং স্ব-মূল্যায়ন অন্তর্ভুক্ত করলে আপনার প্রশিক্ষণার্থীদের শিখন কার্যক্রমে অংশগ্রহন ও নিজেকে প্রকাশ করার পরিবেশ তৈরী হবে।

**লক্ষ্য নির্ধারণের মাধ্যমে দায়িত্ব**

শেখার প্রক্রিয়ায় প্রশিক্ষণার্থীদের নিজ উদ্যোগে অংশগ্রহনে নিয়োজিত করার সবচেয়ে কার্যকর উপায়গুলোর মধ্যে একটি হল লক্ষ্য নির্ধারণে তাদেরকে যুক্ত করা। যখন প্রশিক্ষণার্থীরা লক্ষ্য নির্ধারণ করে এবং সেই লক্ষ্যগুলো অর্জন করে, তখন তাদের আত্মবিশ্বাস বেড়ে যায়। পরবর্তী লেসনে তাদের অংশগ্রহনের আগ্রহও তৈরি হয়।



